

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বিষয়ঃ বাংলাদেশের মেডিকেল/ ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিট/ ডেন্টাল ইনসিটিউটসমূহে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস/ বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত সভার কার্যবিবরণ।

সভাপতি	: মোহাম্মদ মাসিম মাননীয় মন্ত্রী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
তারিখ	: ০৪/০৬/২০১৭ খ্রিস্টাব্দ।
সময়	: বেলা ০২:০০ টা।
স্থান	: মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট-'ক'তে সরিবেশিত রয়েছে।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। ২০১৬-১৭ শিক্ষা বর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা সফলভাবে সম্পন্ন হওয়ায় তিনি পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, গত বছরের সফল ভর্তি পরীক্ষা স্বচ্ছতার ক্ষেত্রে একটি মাইল ফলক হিসেবে গ্রহণযোগ্যতা পেয়েছে, যে কারনে অন্যান্য প্রতিষ্ঠান স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহ অনুসরণের জন্য আগ্রহ প্রকাশ করছে। এ বছরের ভর্তি পরীক্ষাও সুস্থুভাবে সম্পন্ন করার লক্ষ্যে তিনি সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, এটি একটি টিম-ওয়ার্ক, একটি কাজের সার্বিক সফলতা টিমমেধ্বাদের আন্তরিকতার উপর নির্ভর করে, যার সুস্পষ্ট উদাহরণ গত বছরের সফল ভর্তি পরীক্ষা। গত বছরের ধারাবাহিকতায় এবারও একটি নিখুঁত ও সুস্থ ব্যবস্থাপনার মাধ্যমে এমবি�বিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা সম্পন্ন হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তারই পূর্বপ্রস্তুতি হিসেবে ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিষয়গুলো আলোচনার জন্য আজকের এই সভার আয়োজন করা হয়েছে।

০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বলেন, এমবি�বিএস ও বিডিএস কোর্স ২০১৭-২০১৮-তে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম বিশেষত: ভর্তি পরীক্ষাসমূহ সুস্থুভাবে সম্পন্ন করার লক্ষ্যে পরিকল্পনা মাফিক কার্যক্রম শুরু করেছি। ইতোমধ্যে বিগত ১৮/০৫/২০১৭ তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সে সভায় বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত সুপারিশমালার আলোকে ভর্তির শর্তাবলী নির্ধারণসহ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সভার উল্লেখ্যযোগ্য সিদ্ধান্ত সমূহের উল্লেখ করে তিনি বলেন, গত বছরের ধারাবাহিকতায় এ বছরও নিখুঁত ব্যবস্থাপনার মাধ্যমে সাফল্যের সাথে পরীক্ষা সম্পর্কের বিষয়ে সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করা হবে।

০৩. মাননীয় মন্ত্রী এ পর্যায়ে বলেন, গত ২০১৬-১৭ শিক্ষা বর্ষে ভর্তি পরীক্ষা সফলতার সংগে সম্পূর্ণ করার জন্য একটি Over sight Committee গঠন করা হয়। উক্ত কমিটি তাদের যথাযথ পদক্ষেপ গ্রহণ করার কারণে ভর্তি পরীক্ষা সফলতার দৃষ্টান্ত স্থাপন করে। তাই এ বছরও Over sight Committee গঠন করা হবে এবং গত বছরে যে সকল সদস্য কাজ করেছেন তাঁরা সকলেই থাকবেন, পাশাপাশি নতুন সদস্যও সম্পৃক্ত করা হবে। সভায় উপস্থিতি সদস্যগণ এ বিষয়ে একমত গোষ্ঠণ করেন।

০৪. পরিচালক, চিকিৎসা শিক্ষা গত বছরের ন্যায় এবারও ভর্তি পরীক্ষা দৃঢ়তার সাথে সম্পূর্ণ করার জন্য সকল প্রস্তুতি গ্রহণে সবার সার্বিক সহযোগিতা কামনা করেন।

০৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর বলেন, এ বছরও গত বছরের ন্যায় এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা সকলের সার্বিক সহযোগিতায় সুষ্ঠুভাবে সম্পূর্ণ করার ক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর বৃদ্ধি পরিকর। সরকারী মেডিকেল কলেজ সমূহে আসন সংখ্যার বিষয়ে তিনি বলেন, কয়েকটি সরকারী মেডিকেল কলেজের আবেদনের ভিত্তিতে আসন সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে। উক্ত মেডিকেল কলেজ সমূহে অবকাঠামোসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে তাদের সক্ষমতা রয়েছে। এতে করে শিক্ষার্থীদের ভর্তির সুযোগ বৃদ্ধি পাবে এবং কিছু মেধাবী শিক্ষার্থীকে সরকারী মেডিকেল কলেজে ভর্তির সুযোগ করে দেয়া সম্ভব হবে। কুমিল্লা মেডিকেল কলেজ ও ফরিদপুর মেডিকেল কলেজের আসন সংখ্যা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যেতে পারে মর্মে তিনি উল্লেখ করেন।

০৬. সভাপতি, বিএমএ, সভাকে জানান যে, ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রস্তুত, মডারেশন, মুদ্রণ, প্যাকেজিং এবং বিভিন্ন কেন্দ্রে প্রশ্নপত্র পৌছানোর কাজ মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও তার নেতৃত্বে বর্তমান ওয়ার্কিং কমিটি সম্পাদন করে আসছে। গত বছরের ন্যায় উক্ত ওয়ার্কিং কমিটি বিএমএন্ডডিসি ও বিসিপিএস-কে নিয়ে এ বছরও তাদের কার্যক্রম পরিচালনা করলে সফলতার ধারাবাহিকতা বজায় থাকবে। সভাপতি, বিএমএন্ডডিসি, মহা-সচিব, বিএমএ ও ডিসি.বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় তাঁর বক্তৃত্বকে সমর্থন করে তাদের মতামত ব্যক্ত করেন।

০৭. এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা নিয়ে কিছু স্বার্থাবেষী মহলের দুরভিসক্ষি সম্পর্কে সবাইকে সতর্ক থাকতে হবে এবং যে কোন প্রকার ব্যত্যয় কঠোর হস্তে দমন করতে হবে বলে বিশিষ্ট কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ তার বক্তব্যে উল্লেখ করেন। তিনি বলেন, গত বছরের Over sight committee একটি প্রতিবেদন তৈরি কাজ করছে। এ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নে পরীক্ষা পদ্ধতি আরো কাঠামোবৃক্ত (Structured) ও সুন্দর হবে।

০৮. বিশিষ্ট সাংবাদিক ও দৈনিক প্রথম আলোর যুগ-সম্পাদক জনাব আব্দুল কাইয়ুম মুকুল জানান যে, গতবারের Over sight Committee স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে তাঁর কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন দাখিল করবে এবং বাংলাদেশ এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষার প্রচলিত পদ্ধতি কিভাবে আরো উন্নয়ন করা যায় তা নির্ধারণ করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত করবে মর্মে সিদ্ধান্ত হয়েছিল। সেই প্রতিবেদন এবং তার সুপারিশ সমূহ এ বছরের ভর্তি পরীক্ষা কার্যক্রম পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

০৯. সভাপতি বলেন, বিসিপিএস এর সাবেক সভাপতি অধ্যাপক ড. মোঃ সানোয়ার হোসেন এর সর্বজনগ্রাহ্য অবস্থানের কারণে প্রশ্নপত্র প্রস্তুত, মডারেশন, মুদ্রণ, প্যাকেজিং এ তাঁর সম্পৃক্ততায় এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা কার্যক্রম এর প্রশ্নপত্র প্রস্তুত, মডারেশন, মুদ্রণ, প্যাকেজিং এ তাঁর সম্পৃক্ততায় এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা কার্যক্রম এর প্রশ্নপত্র প্রস্তুত, মডারেশন, মুদ্রণ, প্যাকেজিং এ তাঁর সম্পৃক্ততায় এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা কার্যক্রম এর প্রশ্নপত্র প্রস্তুত, মডারেশন, মুদ্রণ, প্যাকেজিং এ তাঁর সম্পৃক্ততায় এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা কার্যক্রম এর প্রশ্নপত্র প্রস্তুত, মডারেশন, মুদ্রণ ও প্যাকেজিং এর নেতৃত্ব প্রদান করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। এক্ষেত্রে তিনি বিসিপিএস, স্বাস্থ্য মডারেশন, মুদ্রণ ও প্যাকেজিং এর নেতৃত্ব প্রদান করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। বিএমএ-র সাবেক সভাপতি অধ্যাপক ড. মাহমুদ অধিদপ্তরসহ পরীক্ষা সংশ্লিষ্ট সকল দপ্তরের সহযোগিতা গ্রহণ করতে পারবেন। বিএমএ-র সাবেক সভাপতি অধ্যাপক ড. মাহমুদ অধিদপ্তরসহ পরীক্ষা সংশ্লিষ্ট সকল দপ্তরের সহযোগিতা গ্রহণ করতে পারবেন। বিএমএ-র সাবেক সভাপতি হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন বিধায় এ বছরও হাসান গত বছরের Over sight Committee-র সভাপতি হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন বিধায় এ বছরও তাঁকে উক্ত কমিটিতে রাখা যুক্তি সংগত হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

১০. বিভাগিত আলোচনাতে সভায় নিম্নরূপ সুপারিশসমূহ গৃহীত হয়:

(ক) মেডিকেল ও ডেন্টাল কলেজেসমূহে শিক্ষার্থী ভর্তি পরীক্ষার সকল কার্যক্রম সার্বিকভাবে তদ্বাবধান করার জন্য একটি Oversight Committee নিম্নরূপভাবে গঠন করা হবে:-

০১. সভাপতি- বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ)	আহবায়ক
০২. ভাইস চ্যাসেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
০৩. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	সদস্য
০৪. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
০৫. সভাপতি, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস এন্ড সার্জনস (বিসিপিএস)	সদস্য
০৬. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি)	সদস্য
০৭. অধ্যাপক ডা. মাহমুদ হাসান, সাবেক সভাপতি, বিএমএ	সদস্য
০৮. অধ্যাপক ডা. মোঃ সানোয়ার হোসেন, সাবেক সভাপতি, বিসিপিএস	সদস্য
০৯. সৈয়দ আবুল মকসুদ, বিশিষ্ট কলামিষ্ট, ঢাকা	সদস্য
১০. জনাব গোলাম সারোয়ার, সম্পাদক, দৈনিক সমকাল, ঢাকা	সদস্য
১১. জনাব ডেন্টার জাফর ইকবাল, অধ্যাপক, শাহ-জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট	সদস্য
১২. জনাব নাইমুল ইসলাম খান, সম্পাদক, দৈনিক আমাদের অর্থনীতি, ঢাকা	সদস্য
১৩. জনাব মঞ্জুরুল আহসান বুলবুল, সিইও, একুশে টেলিভিশন, ঢাকা	সদস্য
১৪. সৈয়দ ইশতিয়াক রেজা, পরিচালক বার্তা ৭১ টেলিভিশন	সদস্য
১৫. জনাব আশুল কাইয়ুম মুকুল, যুগ্ম-সম্পাদক, দৈনিক প্রথম আলো, ঢাকা	সদস্য
১৬. পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন)	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি

০১. Over sight Committee বাংলাদেশের মেডিকেল ও ডেন্টাল কলেজসমূহে শিক্ষার্থী ভর্তি পরীক্ষার সকল কার্যক্রম তদারকি করবে এবং এ লক্ষ্যে নিয়মিত বৈঠক করবে।
০২. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে কমিটি তার কার্যক্রমের বিভাগিত প্রতিবেদন নিয়মিত দাখিল করবে।
০৩. বাংলাদেশে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষার প্রচলিত পক্ষতি উন্নয়ন করা যায় কি-না তা Over sight Committee নির্ধারণ করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করবে।

(খ) এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রস্তুতকরণ, মডারেশন, মুদ্রণ, প্যাকেজিং এবং বিডিম কেন্দ্রে পৌছানোর কাজসমূহ বিসিপিএস এর সাবেক সভাপতি অধ্যাপক ডাঃ মোঃ সানোয়ার হোসেন ও তাঁর মত সর্বজনগ্রাহ্য ব্যক্তিদের মেত্তে এবং সম্পৃক্ততার মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তর সম্পাদন করবে।

(গ) এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা নিয়ে কিছু স্বার্থাবেষী মহলের দূরভিসন্ধি সম্পর্কে সবাইকে সতর্ক থাকতে হবে এবং যে কোন প্রকার ব্যতায় কঠোর হস্তে দমন করা হবে।

(ঘ) কুমিল্লা মেডিকেল কলেজ ও ফরিদপুর মেডিকেল কলেজের আসন সংখ্যা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যায় কি না সে বিষয়ে নিয় বর্ণিতভাবে কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:-

(১) অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	আহবায়ক
(২) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল	সদস্য
(৩) মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এ্যাসোসিয়েশন	সদস্য
(৪) সৈয়দ আবুল মকসুদ, বিশিষ্ট কলামিষ্ট, ঢাকা	সদস্য
(৫) জনাব আব্দুল কাইয়ুম মুকুল, যুগ্ম-সম্পাদক, দৈনিক প্রথম আলো, ঢাকা	সদস্য
(৬) পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য সচিব

কমিটির কার্যপরিষি :-

(১) কুমিল্লা মেডিকেল কলেজ ও ফরিদপুর মেডিকেল কলেজের আসন সংখ্যা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যায় কি না সে বিষয়ে সরেজিমনে পরিদর্শন করে প্রতিবেদন প্রদান।

(২) এমবিবিএস এবং বিডিএস-এ কতগুলো আসন বৃদ্ধি করা যাবে তার সুনির্দিষ্ট প্রস্তাবনা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
২/৮/১৭
(মোহাম্মদ নাসিম)
মাননীয় মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

স্মারক নং: ৫৯.০০.০০০০.১৪০.১৯.১৩৬.২০১৭(অংশ)- ৪৭৮

তারিখ: ০৭/০৮/২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যাবর্তী:

০১. ভাইস-চ্যানেলের, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০২. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

অপর পৃষ্ঠা দৃষ্টব্য

০৪. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৭. অধ্যাপক ড. মোহাম্মদ জাফর ইকবাল, শাহ-জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
০৮. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সভাপতি/মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ), তোপখানা রোড, ঢাকা।
১১. জনাব গোলাম সারোয়ার, সম্পাদক, দৈনিক সমকাল, ঢাকা।
১২. সৈয়দ আবুল মকসুদ, বিশিষ্ট কলামিষ্ট ও গবেষক, ঢাকা।
১৩. জনাব নাস্তি মুল ইসলাম খান, সম্পাদক, দৈনিক আমাদের অর্থনীতি, ঢাকা।
১৪. জনাব আব্দুল কাইয়ুম মুকুল, যুগ্ম-সম্পাদক, দৈনিক প্রথম আলো, ঢাকা।
১৫. মঙ্গুরুল আহসান বুলবুল, চীফ এক্সিকিউটিভ, বৈশাখী টেলিভিশন, মহাখালী, ঢাকা।
১৬. প্রফেসর ড. সানোয়ার হোসেন, সাবেক প্রেসিডেন্ট, বিসিপিএস, ঢাকা।
১৭. সভাপতি, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান এন্ড সার্জনস (বিসিপিএস), মহাখালী, ঢাকা।
১৮. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেটাল কাউন্সিল (বিএমএনডিসি), ঢাকা।



(বদরুন নাহাদ)

উপ-সচিব

ফোন-৯৫৪০৭৩০